স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গমুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৪ঠা ভাদ্র বুধবার ১৩৭০ ইংরাজী 21st Aug. 1963 { ১৩শ সংখ্যা









*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, অগ্রিম দেয় নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)



হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৪ঠা ভাদ্র বুধবার সন ১৩৭০ সাল্।

## হায়রে দুরাশা তোর পেট নাহি ভরে!

—•—

মহাপণ্ডিত শঙ্করাচার্য্য তাঁহার মোহমুদ্গরে লিখিয়া গিয়াছেন—

"কাল ক্রীড়তি গচ্ছত্যায়ু
স্তদপি ন মুঞ্চত্যাশা বায়ু।"

অর্থ—কাল খেলা করিতেছে, আমাদের আয়ু গত হইতেছে, তবুও আশা বায়ু আমাদিগকে ছাড়িয়া যায় না।

এ জগতে সকলেই আশার মোহিনী মায়ায় সমাচ্ছন্ন। নিঃস্ব ব্যক্তি হইতে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর পর্য্যন্ত সকলেই দুর্জ্জয় আশার বশবর্ত্তী। প্রাচীন কবি বলিয়াছেন—

নিঃস্বোহপ্যেক শতং শতী দশ শতং, লক্ষং
সহস্রাধিপো
লক্ষেশঃ ক্ষিতিপালতাং ক্ষিতিপতিশ্চক্রেশতাং
কাঙ্ক্ষতি।
চক্রেশঃ সুররাজতাং সুরপতি ব্রহ্মাস্পদং বাঞ্ছতি
ব্রহ্মা বিষ্ণুপদং হরি শিবপদং তৃষ্ণাবধিং কো
গতঃ॥

অর্থ—শত মুদ্রা ইচ্ছা করে যে জন নির্ধন,
পেলেও শতেক মুদ্রা সহস্রে মনন!
সহস্র পে'লেও হ'তে চায় লক্ষপতি,
লক্ষপতি চায় পুনঃ হইতে নৃপতি!
নৃপতির ইচ্ছা করে হই চক্রেশ্বর,
চক্রেশ্বর ইচ্ছা করে হই পুরন্দর।
পুরন্দর ব্রহ্মপদ, ব্রহ্মা বিষ্ণুপদ,
বিষ্ণুও বাসনা করে শিবের সম্পদ!
যত পায়, তত চায়, তবু ইচ্ছা করে,
হায়রে দুরাশা! তোর পেট নাহি ভরে!

কালের খেলার খেলনাই এই জগৎটা। কাল কখনও কাহারও জন্য অপেক্ষা করে না। কালস্রোত আর নদীস্রোত নিয়ত প্রবাহিত হইয়া চলিয়াছে। ইংরাজীতেও বলে—"টাইম্ এণ্ড টাইড্ ওয়েট্ ফর্ নো ম্যান্।" পূর্ব্বে শিশুপাঠ্য পুস্তকে এই কাল-স্রোত আর জলস্রোত সম্বন্ধে কবিতা ছাত্রদের আবৃত্তি করিতে হইত।

"নদী আর কালগতি একই প্রমাণ,
অস্থির প্রবাহে করে উভয়ে প্রয়াণ।
ধীরে ধীরে নীরব গমনে গত হয়,
কিবা ধনে কি সুবনে ক্ষণেক না রয়।
উভয়েই গত হ'লে আর নাহি ফিরে
দুস্তর সাগর শেষে গ্রাসে উভয়েরে।
সর্ব্ব অংশে একরূপ যদিও উভয়,
চিন্তারত চিত্তে এক ভেদ জ্ঞান হয়।
বিফলে না বহে নদী, যথা নদী ভরা
নানা শস্য-শিরোরত্নে হাস্যময়ী ধরা।
কিন্তু কাল সদাস্য-ক্ষেত্রের শোভাকর,
উপেক্ষায় রেখে যায় মরু ঘোরতর।

নদী আর কাল উভয়েই কাহারও জন্য থামে না, নদীর উপকারিতা শুধুই পাওয়া যায় কারণ কেহ কোন চেষ্টা না করিয়াও নদীর তীরবর্ত্তী জমির উর্ব্বরতার ফল প্রাপ্ত হয়। কালের সদ্ব্যবহার না করিয়া আলস্যে কাটাইলে সে কোনও সুফল প্রদান করে না। কেবল মাত্র আশা করিলেই ফল মিলে না. উদ্যোগ ও শ্রমের দ্বারা সময়ের সদ্ব্যবহার না করিলে সুফল পাওয়া দূরের কথা কুফলই ফলিয়া থাকে।

জীবনের প্রথম কালের নাম বাল্যকাল, দ্বিতীয় কালের নাম যৌবন, তৃতীয় কালের নাম প্রৌঢ় কাল ও চতুর্থ কালের নাম বার্দ্ধক্য বা বৃদ্ধ কাল। পণ্ডিতেরা বলিয়াছেন—

প্রথমে নার্জিতা বিদ্যা
দ্বিতীয়ে নার্জিতং ধনং।
তৃতীয়ে নার্জিতং পুণ্যং
চতুর্থে কিং করিষ্যতি।

—

## দাতব্য চিকিৎসালয়

দাতব্য চিকিৎসালয়ে বিনামূল্যে চিকিৎসা হয় এটা কথার কথা। বর্ত্তমানে এই সব দাতব্য চিকিৎসালয়ে, নিম্নবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ব্যক্তিরা ভিন্ন যাঁহাদের একটু সঙ্গতি আছে তাঁহারা রোগ নিরাময় হইবার জন্য চিকিৎসিত হইতে চান না ও যান না। অনেকে বলেন—রোগ দেখাইতে গিয়া এই "রোগের" (Rogue—রোগ মানে প্রতারক, শঠ, পাজি, দুর্জ্জন, দুরাত্মা, বদমাইস) পাল্লায় পড়া বিপদসঙ্কুল।

আয়ুর্ব্বেদীয় চিকিৎসা-শাস্ত্রে বলে—

কুচেলঃ, কর্কশ, স্তব্ধ
কুগ্রামী স্বয়মাগতঃ
পঞ্চ-বৈদ্যাঃ ন পূজ্যন্তে
ধন্বন্তরি সমা যদি।

অর্থ—দেবচিকিৎসক ধন্বন্তরির মত গুণসম্পন্ন হইলেও মলিনবস্ত্র পরিহিত, কর্কশভাষী, স্বল্পবাক্, কুগ্রামী ও না ডাকতেই যিনি আসেন তাঁহার দ্বারা চিকিৎসা করাইবেন না।

দাতব্য চিকিৎসালয়ের বেতনভোগী নির্দ্দয় চিকিৎসকের চিকিৎসার্থ পাঁচন (গরু মারা লাঠি) ও মুষ্টিযোগ (কিল) সরকার যত দিন প্রয়োগ না করিতে পারিবেন তত দিন দাতব্য হাতব্য হইয়া থাকিবে।

—

## মাছের বাজার

কলিকাতা ও মফস্বলে মাছের দর চরমে উঠিয়াছে। রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের ন্যায় মহকুমা সহরে কাটা মাছ ৪ টাকা কে. জি. ইলিশ ৩·৫০ কে. জি. কুচো চিংড়ী ২·৫০ কে. জি.। পশ্চিমবঙ্গে মাছের চাষ বৃদ্ধি করার জন্য যে পরিমাণ সরকারী ও বেসরকারী তৎপরতা প্রয়োজন তাহার কোন নমুনা আজও দেখা যায় নাই। প্রত্যেক মহকুমাতেই ফিসারী অফিসার, কেরাণী, পিয়ন সহ একটি করিয়া অফিস শোভা বর্দ্ধন করিতেছে। উহার কার্য্য বা উপকারিতা সাধারণে উপলব্ধি করিতে পারেন না।

—

## স্বাধীনতা দিবস

বংশীয়া গ্রামে ১৫ই আগষ্ট স্বাধীনতা দিবস বিশেষ উদ্দীপনাময় ভাব-গম্ভীর পরিবেশে অনুষ্ঠিত হয়। শ্রীকালীপদ দত্ত মহাশয় তুমুল হর্ষধ্বনির মধ্যে জাতীয় পতাকা উত্তোলন করেন। মণিগ্রাম মণ্ডল কংগ্রেস কমিটির সম্পাদক শ্রীঅরুণচন্দ্র দত্ত মহাশয় তাঁহার সংক্ষিপ্ত হৃদয়গ্রাহী ভাষণে উপস্থিত জনগণকে দেশের বর্ত্তমান জরুরী অবস্থায় ঐক্যবদ্ধ হইবার আবেদন জানান। জাতির জনক মহাত্মা গান্ধীর সুমহান আদর্শে উবুদ্ধ হইয়া দেশের অগণিত জনগণের প্রাণের গহ্বরে প্রবেশ করিয়া ত্যাগ ও সেবার মন্ত্রে দীক্ষিত হইবার জন্য তিনি কংগ্রেস কর্ম্মীগণকে, বিশেষভাবে কংগ্রেসী এম, এল, এ, গণকে উদাত্ত কণ্ঠে আহ্বান জানান। কংগ্রেস কর্ম্মীগণ যেন মুহূর্ত্তের জন্য বিস্মৃত না হন যে তাঁহারা জনগণের আশা আকাঙ্ক্ষার ধারক ও বাহক এবং জনগণের সেবামন্ত্রেই তাঁহারা দীক্ষা গ্রহণ করিয়াছেন। ভাষণের পরে দেশাত্মবোধক সঙ্গীতে সমগ্র অনুষ্ঠানটি মনোজ্ঞ হইয়া উঠে। সঙ্গীতে অংশ গ্রহণ করেন প্রখ্যাত শিল্পী শ্রীশম্ভুনাথ দাস ও শ্রীঅমিতাভ দত্ত। সভাস্তে ছোট ছেলেমেয়েদের মধ্যে বিস্কুট ও লজেন্স বিতরণ করা হয়।

## উচ্চমহলের দুর্নীতি দমন

উচ্চ মহলের দুর্নীতি এবং বড় বড় দুর্নীতি ধরিবার জন্য বিশেষ পুলিশ সংস্থার স্বতন্ত্র ইউনিট গঠন করা হইয়াছে। বিশেষ পুলিশ সংস্থার বর্ত্তমান কর্মীদের মধ্য হইতেই উপযুক্ত কর্মী বাছিয়া এই ইউনিটগুলি গঠন করা হইয়াছে। বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরে কিভাবে এবং কি পরিমাণে দুর্নীতি চলিতেছে তৎসম্বন্ধে বিশেষ পুলিশ সংস্থা একটি রিপোর্ট রচনা করিয়াছেন। একমাত্র পশ্চিম বঙ্গ ছাড়া সকল রাজ্যেই দুর্নীতির মামলা বিচারের জন্য বিশেষ বিচারপতি ম্যাজিষ্ট্রেট নিয়োগ করা হইয়াছে।

## সেবাশিবিরে স্বাধীনতা দিবস

রঘুনাথগঞ্জ সেবাশিবির ব্যায়ামাগারে ১৫ই আগষ্ট মহাসমারোহে উদযাপিত হইয়াছে। সকাল ৭-৩০ মিনিটে বিধান সভার সদস্য শ্রীযুক্ত অম্বিকাচরণ দাস মহাশয় পতাকা উত্তোলন করেন, এবং শ্রীঅম্বিকাচরণ দাস, শ্রীঝড়ুলাল দাস, শ্রীবীরেন্দ্রকুমার চৌধুরী এবং শ্রীউদয়শংকর রায় শহীদ বেদীতে মাল্য দান করেন। সকাল ৮-৩০ মিনিটে সেবাশিবিরের সভ্য এবং পৃষ্ঠপোষকদের সমবেত শোভাযাত্রা এবং বৈকাল ৫টায় সেবাশিবিরের প্রাক্তন সভ্য এবং বর্ত্তমান সভ্যের এক প্রীতি ফুটবল খেলা হয়। খেলায় পৌরোহিত্য করেন মহকুমা শাসক শ্রীবিমলকুমার রায় চৌধুরী মহাশয়, খেলায় বর্ত্তমান সভ্য ১—০ গোলে জয়লাভ করেন। খেলায় বিপুল সংখ্যক দর্শকের সমাবেশ ঘটে। সভার শেষে সভাপতি মহাশয় উভয় দলকে একটি করিয়া কাপ দিয়া পুরস্কৃত করেন। —সংবাদদাতা

## দশ লক্ষ যুবককে শরীর চর্চ্চা শিক্ষা দেওয়া হইবে

জাতীয় শারীরিক দক্ষতা অভিযান সম্পর্কিত সর্ব্বভারতীয় আলোচনাক্রমে সুপারিশ অনুসারে ১৯৬৩-৬৪ সালে এদেশের দশ লক্ষ যুবককে শরীর চর্চ্চা শিক্ষা দেওয়া হইবে। গত ১৯৬২-৬৩ সালে দুই লক্ষ যুবককে শারীরিক চর্চ্চা শিক্ষা দেওয়া হয়। এই শারীরিক দক্ষতা বৃদ্ধি অভিযানে যাহাতে সকলে যোগদান করিতে পারে সেজন্য কয়েক হাজার কেন্দ্র খোলা হইবে।

## ভেজাল দুগ্ধ বিক্রয়ে অর্থদণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় ভেজাল দুগ্ধ বিক্রয়ের অপরাধে জঙ্গিপুর নিবাসিনী সখিনা বেওয়াকে ২৫৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

২২৩নং ৬৩ অন্য

অর্ডার ১ রুল ৮

বাদী—খগেন্দ্রনাথ মণ্ডল পিতা ৺কুঞ্জলাল মণ্ডল সাং লালপুর থানা সমসেরগঞ্জ

বিবাদী—লালপুর মৌজার জনসাধারণ পক্ষে ছেদী মণ্ডল, জয়নাল মণ্ডল, আবেদ সেখ সাং লালপুর থানা সমসেরগঞ্জ

এতদ্দ্বারা লালপুর মৌজার জনসাধারণকে জানান যাইতেছে যে উক্ত খগেন্দ্রনাথ মণ্ডলের বাদীস্বে—লালপুর মৌজার ৬২৪নং খতিয়ান ১৮৪০ দাগের কতগুলি বাটা দাগ হইয়া তাহাতে "সাধারণের ব্যবহার্য্য পথ" রেকর্ড হওয়ায় তাহার তাহার বিরুদ্ধে মোকর্দ্দমা করিয়াছে। উক্ত মোকর্দ্দমায় জনসাধারণকে জানান যায় যে তাঁহাদের কিছু বলার থাকিলে তাঁহারা বাদী বা বিবাদী শ্রেণীভুক্ত হইয়া বক্তব্য বলিবেন—অন্যথায় মোকর্দ্দমা একতরফা চূড়ান্ত নিষ্পত্তি হইয়া যাইবে।

By Order of the Court
H. K. Roy,
Sheristadar 2nd Munsif's Court Jangipur.
6. 8. 63

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

২১৭। ৬৩ অন্য প্রকার মোকর্দ্দমা

বাদী—মোয়াজ্জেম হোসেন দিং

বিবাদী—পশ্চিমবঙ্গ সরকার দিং

এতদ্দ্বারা থানা সাগরদীঘি অধীন মোরগ্রামের সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যায় যে বাদী পক্ষ উপরি উক্ত বিবাদীগণের নামে এক চিরস্থায়ী নিষেধাজ্ঞার মোকর্দ্দমা করিয়াছেন। নালিশী মোরগ্রাম মৌজার বাদী পক্ষের স্বত্ব দখলি ২৯২১। ৪০১৩নং দাগের মন্তব্য কলমে ভ্রমাত্মকভাবে সাধারণের যাতায়াতের ব্যবহার্য্য লিপিবদ্ধ হওয়ায় তাহাতে কাহারও কোন আপত্তি থাকিলে আগামী ১৯৬৩ সালের ৩০।৮ তারিখে বেলা ১০॥০টার সময় জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী কোর্টে উপস্থিত হইয়া আপন আপন আপত্তি দর্শান তজ্জন্য এই বিজ্ঞপ্তি দেওয়া হইল। ইতি—

By Order of the Court
H. K. Roy
Sheristadar, 2nd. Munsif's Court
Jangipur. 1. 8. 63



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে, সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



# সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

# কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ